

২০১৯

বাংলা

( স্নাতকোত্তর )

পাঠপর্যায় - ১

পাঠমালা - ১০১

পূর্ণমান : ৫০

সময় : ২ ঘণ্টা

সমস্ত প্রশ্নের উত্তর দাও

দক্ষিণ - প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

বিভাগ - 'ক'

যে কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো।

৪X২=৮

১. কেস্তুম্ গুচ্ছের ভাষা-শাখাগুলির নাম লেখো।
২. মধ্যভারতীয় আর্যভাষার কয়টি স্তর? স্তরগুলির নাম ও কালসীমা লেখো।
৩. প্রাকৃত ভাষার নামকরণের কারণ লেখো।
৪. শৌরসেনী প্রাকৃতের দু'টি বৈশিষ্ট্য লেখো।
৫. 'পালি' নামের উৎপত্তি সম্পর্কে অভিমতগুলি লেখো।
৬. মুহম্মদ আবদুল হাই রচিত ভাষাতত্ত্ব সম্পর্কিত গ্রন্থটির নাম ও প্রকাশকাল লেখো।
৭. ভারতবর্ষের দু'টি প্রাচীনতম লিপির নাম লেখো।
৮. দু'জন বিখ্যাত লিপিবিদের নাম লেখো।

পরের পৃষ্ঠায় দেখো

বিভাগ - 'খ'

যে কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো।

৪X৪=১৬

১. মাগধী প্রাকৃত ভাষার বৈশিষ্ট্যগুলি লেখো।
২. টীকা লেখো : গ্রীক অথবা ইন্দো-ইরানীয়
৩. অসমীয়া ভাষার চারটি বৈশিষ্ট্য লেখো।
৪. ধ্বনিলিপি ও অক্ষরলিপি সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।
৫. পৈশাচী প্রাকৃতের বৈশিষ্ট্যগুলি লেখো।
৬. মধ্যভারতীয় আর্যভাষার চারটি সাধারণ বৈশিষ্ট্য লেখো।
৭. ওড়িয়া ভাষার প্রচলন ক্ষেত্র ও ঔপভাষিক বৈচিত্র্যগুলি লেখো।
৮. টীকা লেখো : ব্রাহ্মীলিপি

বিভাগ - 'গ'

যে কোনো দু'টি প্রশ্নের উত্তর লেখো।

২X৮=১৬

১. ইন্দো-ইউরোপীয় ভাষা-বংশের সাধারণ পরিচয় দাও।
২. প্রাচীনভারতীয় আর্যভাষার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
৩. প্রাকৃতভাষার উদ্ভব ও বিকাশ সম্পর্কে আলোচনা করো।
৪. বাংলা লিপির উদ্ভব ও বিকাশের ইতিবৃত্ত লেখো।

আভ্যন্তরীণ মূল্যায়ন - ১০

= ০ =